



ইরান সংকট দীর্ঘ হলে বিশ্ব অর্থনীতি বড় ঝুঁকিতে পড়বে: পুতিন



রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। ছবি: সংগৃহীত

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন সতর্ক করে বলেছেন, ইরানকে কেন্দ্র করে চলমান সংঘাত দীর্ঘস্থায়ী হলে তার প্রভাব শুধু মধ্যপ্রাচ্যেই সীমাবদ্ধ থাকবে না, বরং পুরো বিশ্বকে এর মূল্য দিতে হবে। তিনি দ্রুত যুদ্ধ পরিস্থিতির অবসানের আহ্বান জানান।

মস্কোতে এক সংবাদ সম্মেলনে পুতিন বলেন, চলমান উত্তেজনা আন্তর্জাতিক জ্বালানি বাজার ও আঞ্চলিক স্থিতিশীলতার ওপর নেতিবাচক চাপ তৈরি করছে। সংঘাত আরও দীর্ঘ হলে বৈশ্বিক পরিস্থিতি জটিল হয়ে উঠতে পারে বলেও মন্তব্য করেন তিনি।

রুশ প্রেসিডেন্ট জানান, প্রয়োজনে ইরানের সমৃদ্ধ ইউরেনিয়াম নিজেদের তত্ত্বাবধানে সংরক্ষণের জন্য রাশিয়া প্রস্তুত রয়েছে। তার ভাষ্য অনুযায়ী, ২০১৫ সালেও একই ধরনের প্রক্রিয়ায় রাশিয়া ইরানের ইউরেনিয়াম স্থানান্তরে ভূমিকা রেখেছিল এবং সেই অভিজ্ঞতা আবার কাজে লাগানো সম্ভব।

তিনি আরও বলেন, একসময় সংশ্লিষ্ট পক্ষগুলো ইউরেনিয়াম ইরানের বাইরে সরিয়ে নেওয়ার বিষয়ে সম্মত হয়েছিল। তবে পরে যুক্তরাষ্ট্র অবস্থান পরিবর্তন করে সেটি শুধু মার্কিন ভূখণ্ডে নেওয়ার শর্ত দিলে পরিস্থিতি জটিল হয়ে ওঠে। এর প্রতিক্রিয়ায় তেহরানও নিজেদের অবস্থান কঠোর করে।

পুতিন জানান, মস্কো এখনো ওয়াশিংটন ও তেহরানের সঙ্গে যোগাযোগ বজায় রেখেছে এবং কূটনৈতিক উপায়ে দ্রুত সংকট সমাধানের আশা করছে।